

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৯  
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলা ছোটগল্প

কোর্স : পি.জি. : ৪.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. সুবোধ ঘোষের গল্পে সময়ের চিহ্ন এত প্রকট বলেই তা লেখকের দায়বদ্ধতার গল্প হয়ে ওঠে। ‘বারবধু’ ও গোত্রান্তর’ গল্প দুটি বিশ্লেষণ করে মন্তব্যটি স্পষ্ট করো। ১০

অথবা

১খ. বিশ্বযুদ্ধোত্তর পর্বের লেখক হলেও নরেন্দ্রনাথ মিত্রের গল্পে ধরা পড়েছে অন্য এক ধরনা যাকে যুদ্ধ পরবর্তী কোনো ইশারাই স্পর্শ করে না বরং বড়ো হয়ে ওঠে সেখান থেকে উত্তরণের ছবি। ‘পালঙ্ক’ ও ‘বস’ গল্পের আলোচনা সূত্রে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

২ক. দেহবোধ ও ইন্দ্রিয়সংবেদনশীলতা যখন শিল্পচেতনার অধিষ্ঠ, সামাজিক সংস্কার ও রুচি সেক্ষেত্রে কেমন দৃশ্য তৈরি করে জ্যোতিবিন্দু নন্দীর ‘শিউলির গন্ধ’ গল্পটির সূত্রে আলোচনা করে দেখাও। ১০

অথবা

২খ. জ্যোতিবিন্দু নন্দীর ‘সমুদ্র গল্পে’ মামা চরিত্রটির ভূমিকা বিশ্লেষণ করো। ১০

৩ক. বিমল করের 'আত্মজ্ঞা' গল্পটি কীভাবে বহির্বিষয় থেকে এক অন্তর্বিষয়ের  
সম্প্রসারিত হয়ে ক্রমশ যুগ্মিকা থেকে হিমাংশুর গল্প হয়ে ওঠে আলোচনা  
করে বুঝিয়ে দাও।

অথবা

১০

৩খ. 'মা' শব্দটির এত প্রাতিশব্দ থাকতে বিমল কর কেন 'জননী' শব্দটিকেই  
গল্প নাম হিসেবে বেছে নেন, সে সম্পর্কে তোমার অভিমত জানাও। ১০

অথবা

৩গ. রমাপদ চৌধুরির 'ভারতবর্ষ' গল্পের শেষ অংশটুকুকে অনেকেই মনে  
হয়েছে 'অনাবশ্যিক', 'বাহ্যমাত্র'। তোমারও কি তাই মনে হয়? যুক্তিসহ  
তোমার বক্তব্য লেখো।

১০

৪ক. 'চন্দনেশ্বরের মাচানতলায়' গল্প অবলম্বনে শ্যামল গঙ্গোপাধ্যায়ের  
গ্রামবীক্ষা ও কৃষি অধীনীতি ভাবনার পরিচয় দাও।

১০

৪খ. গল্পের বাস্তব আর বাস্তবের গল্প কখনো কীভাবে একাকার হয়ে যায়,  
সুলেখা সান্যালের 'যে গল্পের শেষ নেই' গল্প অবলম্বনে পর্যালোচনা  
করো।

১০

অথবা

৪গ. 'সংকেত' গল্পটি আদ্যোপাত্ত একটি শ্রেণিসংগ্রামের গল্প। তার মধ্যে দিয়ে  
গল্পকার সোমেন চন্দ কোল 'সংকেত' দিয়েছেন বলে তোমার মনে হয়?  
যুক্তিসহ আলোচনা করো।

১০

৫ক. 'অধমোদের ঘোড়া' বা 'জটায়ু'র পুরাণকল্পকে দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়  
কীভাবে শিল্প-বাস্তবতায় উত্তীর্ণ করে দিয়েছেন, পাঠ্যগল্প অবলম্বনে  
আলোচনা করে বুঝিয়ে দাও।

১০

অথবা

৫খ. রবীন্দ্রনাথের 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'বাঁশি' কবিতাটিকে দীপেন্দ্রনাথ  
বন্দ্যোপাধ্যায় তাঁর 'বনাম' গল্পে কীভাবে ব্যবহার করেছেন এবং এই  
পরিগ্রহণের তাৎপর্য কী, তা আলোচনা করো।

১০

৬. 'মহাবুদ্ধের আড়াল' কি অনুপমের গল্প? না কি দ্বিতীয় বিশ্বযুদ্ধের আখ্যান  
হিসেবে তুমি গল্পটিকে পড়তে চাও? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

—X—